114

দৈনিক সংবাদ

তারিখ ২৯/৮/৯১
পৃষ্ঠা ২ কলাম ৭

## মন্ত্রিপরিষদের সভা

# পরীক্ষায় দুর্নীতি রোধে কঠোর শাস্তির সিদ্ধান্ত

পরীক্ষায় দুর্নীতি দমন, অসদুপায় রোধ ও সকল অসাধু প্রবণতা বন্ধ করার জন্য 'দ্য পাবলিক এগজামিনেশন (অফেন্সেস) অ্যাক্ট-১৯৮০ সংশোধন করে শাস্তির মাত্রা বৃদ্ধি করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।

অস্থায়ী রাষ্ট্রপতি বিচারপতি শাহাবুদ্দিন আহমদের সভাপতিত্বে গতকাল সোমবার বঙ্গভবনে অনুষ্ঠিত মন্ত্রিপরিষদ সভায় এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া সভায় উপস্থিত ছিলেন। মন্ত্রী ও প্রতিমন্ত্রীবর্গ, মুখ্য অর্থ সচিব, কেবিনেট সচিব এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও বিভাগের সচিবগণ সভায় উপস্থিত ছিলেন।

সংশোধিত আইনের আওতায় ভুয়া পরীক্ষার্থীকে সর্বনিম্ন ২ বছর ও সর্বোচ্চ ৫ বছর, প্রশ্নপত্র ফাঁস করার মত ঘৃণ্য অপরাধের জন্য ন্যূনতম ৪ বছর ও সর্বোচ্চ ১০ বছর, ভুয়া মার্কশীট, ভুয়া সার্টিফিকেট, ডিপ্লোমা ও ডিগ্রী প্রদানের জন্য ন্যূনতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর, উত্তরপত্র পরিবর্তন অথবা অবৈধভাবে সংযোজনের জন্য ন্যূনতম ৩ বছর ও সর্বোচ্চ ১০ বছর, পরীক্ষায় নকল সরবরাহকারীর জন্য ন্যূনতম ২ বছর ও সর্বোচ্চ ৫ বছর এবং পরীক্ষা অনুষ্ঠানে বাধাপ্রদান অথবা পরীক্ষাকেন্দ্রে গোলযোগের জন্য ১ বছর পর্যন্ত কারাদণ্ডের বিধান থাকবে। সবক্ষেত্রে কারাদণ্ড ছাড়া অর্থদণ্ডের বিধান থাকবে। নকল করার অপরাধে কোন পরীক্ষার্থী দোষী সাব্যস্ত হলে তিন বছর পর্যন্ত তাকে পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না। খবর তথ্য বিবরণীর।